

# ক্যালডেরিস ব্যবসায়িক আচরণবিধি ও নৈতিকতার নীতিমালা

# সূচীপত্র


4 আচরণবিধি বোঝা ও তা অনুসরণ করা


6 আমাদের মূল্যবোধ ও অঙ্গীকার


9 মানুষ


14 পরিবেশ


17 আমাদের সম্পদ


19 ব্যবসায়িক সততা ও নৈতিকতা


24 অনিয়ম প্রতিবেদন


26 আচরণবিধির প্রয়োগ ও তদারকি

# প্রধান নির্বাহী কর্মকর্তার বার্তা

## প্রিয় সহকর্মী ও অংশীদারবৃন্দ,

**আমাদের ব্যবসায়িক আচরণবিধি ও নৈতিকতার নীতিমালা সেই নীতিমালা নির্ধারণ করে যা আমাদের কাজের ধরণ, সিদ্ধান্ত গ্রহণ এবং একে অপরের  ও আমাদের স্টেকহোল্ডারদের সাথে সম্পর্ক পরিচালনার ক্ষেত্রে দিকনির্দেশনা দেয়। এটি ক্যালডেরিস গ্রুপে, এর জন্য বা এর পক্ষে কাজ করা প্রত্যেকের কাছ থেকে প্রত্যাশিত নৈতিক আচরণ ও পেশাগত মানদণ্ড নির্ধারণ করে।**

এই আচরণবিধি আমাদের একটি বিশ্বস্ত কর্মপরিবেশ গড়ে তুলতে এবং আমাদের সকল স্টেকহোল্ডারদের সাথে দৃঢ়, সম্মানজনক সম্পর্ক বজায় রাখতে সাহায্য করে। এটি সহকর্মীদের প্রতিদিন সঠিক সিদ্ধান্ত নিতে সহায়তা করার জন্য এবং ক্যালডেরিস গ্রুপকে অভ্যন্তরীণ ও বাহ্যিকভাবে সর্বোচ্চ সততার সাথে কাজ করে এমন একটি প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃত করতে ডিজাইন করা হয়েছে।

এই আচরণবিধিটি আমাদের সবার জন্য সমানভাবে প্রযোজ্য, কোনো ব্যতিক্রম ছাড়াই। এটি মানুষ, পরিবেশ এবং যেসব সম্প্রদায়ে আমরা কাজ করি তাদের প্রতি আমাদের সম্মিলিত দায়িত্বকে প্রতিফলিত করে, এবং এটি নৈতিক ও ন্যায্য ব্যবসায়িক চর্চার প্রতি আমাদের অঙ্গীকারকে শক্তিশালী করে।

আমাদের মূল্যবোধ – অধ্যবসায়, জবাবদিহিতা, বহু-সাংস্কৃতিকতা এবং স্বকীয়তা – এই আচরণবিধির মূল ভিত্তি এবং এগুলো আমাদের কাজ করার, সিদ্ধান্ত নেওয়ার এবং নেতৃত্ব দেওয়ার পথনির্দেশ করে। এই নীতিগুলোকে ধারণ করে এবং দৃষ্টান্ত স্থাপন করে নেতৃত্ব দেওয়ার মাধ্যমে আমরা আমাদের সুনাম রক্ষা করি এবং গ্রুপের টেকসই সাফল্যে অবদান রাখি।

আমি সবাইকে এই আচরণবিধিটি মনোযোগ দিয়ে পড়তে, এর নীতিমালা দৈনন্দিন কাজে প্রয়োগ করতে এবংসঠিক কাজ করার ক্ষেত্রে একে অপরকে সহায়তা করতে উৎসাহিত করছি। আসুন, আমরা সবাই মিলে এই আচরণবিধিটিকে আমাদের ব্যবসায়িক সংস্কৃতির একটি জীবন্ত অংশ পরিণত করি।

**মিচেল কর্নেলিসেন**
প্রধান নির্বাহী কর্মকর্তা

> **এই আচরণবিধিটি সমস্ত সহকর্মীকে তাদের দৈনন্দিন কাজে সঠিক সিদ্ধান্ত নিতে সাহায্য করবে।**





# আচরণবিধিটি বোঝা ও তা অনুসরণ করা

## সততা, দায়িত্বশীলতা এবং সম্মানের সাথে কাজ করার একটি নির্দেশিকা – প্রতিদিন এবং আমরা যেখানেই কাজ করি সেখানে।

**এই আচরণবিধিটি আমাদের দৈনন্দিন পেশাগত আচরণে সততার প্রতি আমাদের সম্মিলিত অঙ্গীকারের মৌলিক নীতিগুলিকে একত্রিত করেছে।**

এতে এমন আচরণগত মানদণ্ড নির্ধারণ করা হয়েছে, যা গ্রুপের একজন কর্মী হিসেবে আমাদের প্রত্যেককে, পাশাপশি আমাদের অংশীদার এবং সরবরাহকারীদেরও অনুপ্রাণিত করবে। এটি স্পষ্ট নির্দেশনা প্রদান করে, যাতে আমরা সবাই প্রযোজ্য সকল জাতীয় ও আন্তর্জাতিক আইন ও বিধিমালা মেনে চলতে পারি।

একটি বহুজাতিক গ্রুপ হিসেবে, ক্যালডেরিসের জন্য এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যে নৈতিক ব্যবসায়িক নীতিমালা এবং সর্বোত্তম চর্চাগুলো এই আচরণবিধির মতো শক্তিশালী এবং কার্যকর উপায়ের মাধ্যমে সমর্থিত হয়।

## এই ডকুমেন্টটি কার জন্য প্রযোজ্য?

এই আচরণবিধি এবং এর নীতিমালা ক্যালডেরিস গ্রুপের সকল কর্মী, এর যৌথ উদ্যোগ, পাশাপাশি সরবরাহকারী, এজেন্ট, উপ-ঠিকাদার এবং অন্যান্য দীর্ঘমেয়াদী ব্যবসায়িক অংশীদারদের জন্য প্রযোজ্য, যাদের কাছ থেকে একই মানদণ্ড অনুসরণ করার প্রত্যাশা করা হয়।

আমাদের সবারই এর প্রয়োজনীয়তা সম্পর্কে অবগত থাকা এবং তা মেনে চলা উচিত। আমাদের ম্যানেজারদের বিশেষ দায়িত্ব হলো তাদের ব্যবসায়িক পরিকল্পনা ও সিদ্ধান্ত গ্রহণে এর দৈনন্দিন প্রয়োগ নিশ্চিত করা।

সমস্ত ম্যানেজার ও কর্মীদের এই আচরণবিধি এবং এর নীতিমালা বুঝতে ও বাস্তবে অনুসরণ করতে স

## একটি জীবন্ত ডকুমেন্ট

এই আচরণবিধিটি ক্যালডেরিস গ্রুপের প্রধান নির্বাহী কর্মকর্তা এবং গ্রুপের নির্বাহী কমিটি দ্বারা অনুমোদিত। এটি নিয়মিতভাবে পর্যালোচনা ও হালনাগাদ করা হয়, যাতে কোম্পানি এবং আমাদের প্রত্যেকের জন্য, আমরা যেখানেই কাজ করি না কেন, নৈতিক আচরণ সম্পর্কে স্পষ্ট ও আধুনিক দিকনির্দেশনা প্রদান করা যায়।

একটি জীবন্ত ডকুমেন্ট হিসেবে, এটি সবাইকে ব্যবসায়িক আচরণ ও নৈতিকতার সর্বোচ্চ মান বজায় রাখতে সক্ষম করে। এর নীতিমালার প্রতি আমাদের দৈনন্দিন শ্রদ্ধাই গ্রুপের নৈতিক নেতৃত্ব নিশ্চিত করে।

## এক নজরে: এই ডকুমেন্টটির লক্ষ্য কী?

এই আচরণবিধির ভিত্তি হলো সম্মান– আইনের প্রতি, নৈতিক নীতিমালার প্রতি, এবং আমাদের সকল অভ্যন্তরীণ ও বাহ্যিক স্টেকহোল্ডারদের প্রতি। এটি আমাদের কার্যপ্রণালীকে নিম্নলিখিত বিষয়ে দিকনির্দেশনা দেয়ঃ

- সততা, দায়িত্বশীলতা এবং মানবাধিকারের প্রতি সম্মান বজায় রাখা
- প্রযোজ্য আইন ও বিধিমালা মেনে চলা
- আমাদের কর্মকাণ্ডে জড়িত সকলের স্বাস্থ্য ও নিরাপত্তা সুরক্ষিত রাখা
- প্রতিভা, দক্ষতা এবং অভিজ্ঞতার বিকাশ ঘটানো
- সমতা, বৈচিত্র্য এবং অন্তর্ভুক্তি উন্নীত করা
- আমরা যেসব দেশে কাজ করি সেসব দেশের উন্নয়নকে সহায়তা করা
- পরিবেশ রক্ষা করা এবং টেকসই উন্নয়নকে সমর্থন করা।

**যদি আপনি এই আচরণবিধির কোনো বিষয়বস্তু সম্পর্কে অনিশ্চিত হন, তাহলে আপনার ম্যানেজার, মানবসম্পদ, আইন, টেকসই উন্নয়ন বা অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও নিরীক্ষা বিভাগের সঙ্গে যোগাযোগ করুন।**




# আমাদের মূল্যবোধ ও অঙ্গীকার

## আমাদের উদ্দেশ্য

আমরা সকল উচ্চ-তাপমাত্রা শিল্পের জন্য একটি অপরিহার্য অংশীদার। আমরা টেকসই সমাধানের মাধ্যমে তাদের একটি উন্নত বিশ্ব গড়তে তাদের সহায়তা করি।

**আমাদের উদ্দেশ্য আমাদের অস্তিত্বের কারণ এবং বিশ্বে ক্যালডেরিস যে ইতিবাচক প্রভাব সৃষ্টি করতে চায় তা প্রতিফলিত করে।**

আমরা অপরিহার্য, কারণ রিফ্র্যাক্টরি বহু শিল্পের ভিত্তি; আমাদের ছাড়া বিশ্ব সঠিকভাবে চলতে পারতো না। গত ১৬০ বছরে আমরা আমাদের গ্রাহকদের সাথে দীর্ঘস্থায়ী সম্পর্ক গড়ে তুলেছি, এবং আমরা শুধু সরবরাহকারী বা সমাধান প্রদানকারী নই – আমরা তাদের অংশীদার।

আমরা আমাদের গ্রাহকদের তাদের জ্বালানি রূপান্তরের প্রয়োজন পূরণে সাহায্য করার আকাঙ্ক্ষা রাখি, এবং আমরা বিশেষ করে উদ্ভাবনের মাধ্যমে বিশ্বে ইতিবাচক প্রভাব ফেলতে প্রতিশ্রুতিবদ্ধ।

## আমাদের মূল্যবোধ

আমাদের মূল্যবোধ আমাদের চিন্তা, কথা, কাজ এবং আচরণকে পরিচালিত করে। এগুলো আমাদের সর্বোত্তম সিদ্ধান্ত নিতে সহায়তা করে। এগুলোই আমাদের সংস্কৃতির ভিত্তি গঠন করে।

### আমরা হলাম



**অদম্য:**

আমরা নিজেদের দৃঢ়প্রতিজ্ঞ ও স্থিতিস্থাপক সমস্যা সমাধানকারী হিসেবে দেখি, যারা লক্ষ্য অর্জন ও ধারাবাহিক উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ এবং সর্বদা উদ্ভাবনের জন্য প্রচেষ্টা চালায়।



**দায়বদ্ধ:**

আমরা দায়িত্ব ও কর্তৃত্বকে অত্যন্ত গুরুত্ব সহকারে গ্রহণ করি। আমরা নিরাপত্তা ও নৈতিকতার প্রতি গভীরভাবে প্রতিশ্রুতিবদ্ধ, এবং উৎকর্ষ সাধনের প্রচেষ্টা এবং অন্যদের প্রতি সম্মান দ্বারা পরিচালিত।



**বহুসাংস্কৃতিক:**

আমরা বৈচিত্র্য, অন্তর্ভুক্তি এবং সাংস্কৃতিক সমৃদ্ধির শক্তিতে বিশ্বাস করি। এই বৈশ্বিক মানসিকতা এবং সম্মানের অনুভূতি আমাদের অভিযোজনযোগ্যতা এবং কার্যকারিতা বৃদ্ধি করে।



**সত্যনিষ্ঠ:**

আমরা বিশ্বাস, সততা এবং মানুষের প্রতি যত্নশীলতার সাথে যুক্ত, সর্বদা কাজের সঙ্গে কথার মিল রাখি এবং বিনয়ী ও সহযোগিতামূলক মানসিকতা বজায় রাখি।

## টেকসই সাফল্যের তিনটি স্তম্ভ

ক্যালডেরিসের টেকসই ব্যবসায়িক পদ্ধতি তিনটি মূল বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে গঠিত।

**মানুষের প্রতি অঙ্গীকারবদ্ধ**
ক্যালডেরিস একটি নিরাপদ, অন্তর্ভুক্তিমূলক এবং ন্যায্য কর্মপরিবেশ গড়ে তোলার মাধ্যমে ইতিবাচক প্রভাব সৃষ্টি করতে চায়, সকল কর্মীর কল্যাণ ও উন্নয়নকে সমর্থন করে, সম্প্রদায়কে ক্ষমতায়ন করে এবং মূল্য শৃঙ্খলের সর্বত্র নৈতিক চর্চা নিশ্চিত করে।

**পরিবেশগত প্রভাবের জন্য দায়বদ্ধ**
ক্যালডেরিস কম-কার্বন উদ্ভাবন, সার্কুলার চর্চা এবং দায়িত্বশীল সম্পদ ব্যবস্থাপনার মাধ্যমে তার পরিবেশগত প্রভাব কমাতে এবং টেকসইতাকে এগিয়ে নিতে চেষ্টা করে।

**টেকসই প্রবৃদ্ধির জন্য দায়িত্বশীল**
গ্রুপটি নৈতিক উৎকর্ষতার মাধ্যমে সমাজের জন্য দীর্ঘমেয়াদি মূল্য সৃষ্টি করতে চায়, এবং গ্রাহকদের জন্য উদ্ভাবনী ও টেকসই সমাধানের মাধ্যমে ব্যবসায়িক মূল্য প্রদান করে।

# আমাদের অঙ্গীকার

## আমাদের মানদণ্ড পরিচালনায় বৈশ্বিক চুক্তিসমূহ

আমরা বিশ্বাস করি যে, গ্রুপের আর্থিক ও অ-আর্থিক লক্ষ্যমাত্রা অর্জনের জন্য আমাদের সকল ব্যবসায় সামাজিক ও পরিবেশগত আচরণের উচ্চ মানদণ্ড বজায় রাখা অপরিহার্য।

এই কারণে, আমরা আমাদের আচরণবিধি আন্তর্জাতিকভাবে স্বীকৃত সর্বোত্তম চর্চার উপর ভিত্তি করে তৈরি করেছি, যার মধ্যে রয়েছে নিম্নলিখিত প্রধান বৈশ্বিক চুক্তিগুলির মূল নীতিমালা:

- জাতিসংঘের গ্লোবাল কমপ্যাক্ট এবং টেকসই উন্নয়ন লক্ষ্যসমূহ (SDGs)
- জাতিসংঘের ব্যবসা ও মানবাধিকার সংক্রান্ত নির্দেশিকা নীতিমালা
- অর্থনৈতিক সহযোগিতা ও উন্নয়ন সংস্থা (OECD)-এর বহুজাতিক প্রতিষ্ঠানের জন্য নির্দেশিকা
- আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) এর মৌলিক সনদসমূহ

এই আন্তর্জাতিক চুক্তি ও মানদণ্ডসমূহ পরিবেশ, সামাজিক এবং শাসন (ESG) নীতিমালাকে অন্তর্ভুক্ত করে, যা টেকসই উন্নয়নে অবদান রাখার একটি গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে কাজ করে।

## আইন ও বিধিমালা মেনে চলা

আইন মেনে চলাই আমাদের নৈতিক আচরণের ভিত্তি। প্রতিটি ব্যক্তি এবং ব্যবসায়িক সত্তার সম্পূর্ণ ও নিখুঁতভাবে আইন অনুসরণ করার মাধ্যমেই  ক্যালডেরিস গ্রুপ নিজেও আইনগতভাবে সঙ্গতিপূর্ণ থাকবে।

এই আচরণবিধি দ্বারা প্রদত্ত নির্দেশনা বিশেষভাবে গুরুত্বপূর্ণ, কারণ আমাদের বৈশ্বিক কার্যক্রম অনেক দেশের আইন ও বিধিমালার পাশাপাশি ইউরোপীয় ইউনিয়নসহ আন্তঃরাষ্ট্রীয় সংস্থাগুলির আইন ও বিধিমালার আওতাভুক্ত।

আমরা যেসব দেশে ব্যবসা করি, সেসব দেশের সকল প্রযোজ্য অভ্যন্তরীণ আইন মেনে চলি।

তদুপরি, বিশ্বজুড়ে রীতিনীতি ও আইন ব্যাপকভাবে ভিন্ন হয় এবং এগুলো একে অপরের সাথে সাংঘর্ষিক হতে পারে। এমনকি এমন কোনো দেশে কাজ করার সময়, যেখানে স্থানীয় আইন বা প্রচলিত রীতি এই আচরণবিধি ও আমাদের কোম্পানির নীতিমালার তুলনায় কম কঠোর, সেখানেও আমরা প্রত্যেকের কাছ থেকে সততার সঙ্গে কাজ করা এবং প্রযোজ্য বিধিবিধান মেনে চলার প্রত্যাশা করি, পাশাপাশি সর্বোচ্চ মানের আচরণ বজায় রাখার চেষ্টা করতে বলি। কিছু দেশের আইন এই আচরণবিধিতে অন্তর্ভুক্ত বিধিমালা ছাড়াও অতিরিক্ত শর্ত বা নিষেধাজ্ঞা আরোপ করতে পারে। এমন ক্ষেত্রে আমরা ঐ স্থানীয় বিধিবিধান সম্পূর্ণরূপে মেনে চলি। এই আচরণবিধি থেকে কোনো স্থানীয় ব্যতিক্রম থাকলে তা বাস্তবায়নের আগে গ্রুপ জেনারেল কাউন্সেলের অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে।

## সকল স্টেকহোল্ডারের স্বার্থ

এই আচরণবিধিটি সকল স্টেকহোল্ডারের স্বার্থ বিবেচনায় রেখে তৈরি করা হয়েছে, যার মধ্যে রয়েছে:

**আমাদের কর্মীদের জন্য:** মানবাধিকার এবং শ্রম আইনকে সম্পূর্ণরূপে সম্মান করে একটি স্বাস্থ্যকর, ন্যায্য, অন্তর্ভুক্তিমূলক এবং সম্মানজনক কর্মপরিবেশের জন্য নিরাপদ অনুশীলন নিশ্চিত করা; পেশাগত উন্নয়নকে উৎসাহিত করা; এবং আমাদের গ্রহণযোগ্যতা ও ব্যবসার স্থায়িত্ব নিশ্চিত করার জন্য পরিবেশগত উৎকর্ষতা অর্জন করা

**আমাদের সম্প্রদায়ের জন্য:** স্বচ্ছ যোগাযোগ এবং স্থানীয় সামাজিক-অর্থনৈতিক প্রেক্ষাপটে মূল্য সৃষ্টি করার মাধ্যমে আমাদের প্রতিবেশীদের সাথে সুসম্পর্ক বজায় রাখা

**আমাদের গ্রাহক এবং শেয়ারহোল্ডারদের জন্য:** গ্রাহকদের সঙ্গে মানসম্পন্ন সম্পর্ক গড়ে তোলা; এমন শীর্ষস্থানীয় পণ্য ও প্রযুক্তি উন্নয়ন করা যা পরিবেশগত প্রভাব কমায় এবং গ্রাহকদের স্বাস্থ্য ও জলবায়ু লক্ষ্য পূরণে সহায়তা করে; এবং শেয়ারহোল্ডারদের জন্য স্বচ্ছ ও নিয়মিত তথ্য প্রবাহ নিশ্চিত করা

**আমাদের অর্থনৈতিক অংশীদারদের জন্য:** নিশ্চিত করা যে আমাদের সাথে কাজ করা এজেন্ট, প্রতিনিধি, পরামর্শক, সরবরাহকারী, উপ-ঠিকাদার, ব্যবসায়িক অংশীদার বা আমাদের সঙ্গে কাজ করা অন্যান্য তৃতীয় পক্ষ এই আচরণবিধি অনুসরণ করে এবং তাদের নিজস্ব কার্যক্রম ও সংশ্লিষ্ট সরবরাহ শৃঙ্খলে সততা, ন্যায্যতা এবং নৈতিক আচরণের জন্য অনুরূপ মানদণ্ড এবং অঙ্গীকার বজায় রাখে।

**আমাদের সমস্ত সরবরাহকারী এবং উপ-ঠিকাদারদের বিস্তারিত এবং নির্দিষ্ট প্রত্যাশা ক্যালডেরিস সাপ্লায়ার ইএসজি (ESG) স্ট্যান্ডার্ডস-এ বর্ণিত আছে, যা ক্যালডেরিসের ওয়েবসাইটে পাওয়া যায়।**



# মানুষ

পরস্পরের প্রতি সম্মান অর্থ হল আমাদের কর্মকাণ্ডে জড়িত প্রত্যেকের স্বাস্থ্য ওনিরাপত্তার সম্মান প্রদর্শন করা।

**আমাদের মানুষের প্রতি অঙ্গীকার শুরু হয় এই নিশ্চয়তা দিয়ে যে স্বাস্থ্য ও নিরাপত্তা গ্রুপের মূল সংস্কৃতির (DNA) অংশ। এই কারণেই এই আচরণবিধি ব্যক্তিগত ক্ষমতায়ন, সক্রিয় নেতৃত্ব, প্রশিক্ষণ এবং জবাবদিহিতাকে সমর্থন করে, যাতে আমরা শূন্য দুর্ঘটনা এবং কাজ-সম্পর্কিত শূন্য অসুস্থতার যৌথ লক্ষ্য অর্জন করতে পারি।**

আমাদের কার্যক্রমে যুক্ত সবাইকে স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত প্রোটোকল, নীতি ও মানদণ্ড এবং গ্রুপের কার্যক্রম সংশ্লিষ্ট সকল স্থানীয় স্বাস্থ্য ও নিরাপত্তা আইন ও বিধিবিধান মেনে চলতে হবে।

> **আমরা আমাদের কর্মীদের শারীরিক ও মানসিক সুস্থতা উভয়ই রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ এবং এমন একটি পরিবেশ গড়ে তুলতে চাই যেখানে নিরাপত্তা-সংক্রান্ত উদ্বেগগুলো খোলাখুলিভাবে উত্থাপন করা যায় এবং দ্রুত সমাধান করা যায়।**

## শক্তিশালী স্বাস্থ্য ও নিরাপত্তা উন্নয়ন প্রোগ্রাম

স্বাস্থ্য ও নিরাপত্তা ঝুঁকি মূল্যায়নসহ অন্যান্য শক্তিশালী প্রোগ্রামগুলো আমাদের নিরীক্ষণ ও নিয়ন্ত্রণ প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত, যা শিল্প ও কার্যক্রম-সংক্রান্ত ঝুঁকি চিহ্নিত, প্রতিরোধ ও হ্রাস করতে সাহায্য করে এবং ধারাবাহিক উন্নয়ন নিশ্চিত করে।

আমরা পেশাগত অসুস্থতার ঘটনা প্রতি বছর কমানোর জন্য প্রতিশ্রুতিবদ্ধ, যা কর্মক্ষেত্রের ঝুঁকি আরও ভালোভাবে শনাক্ত, মূল্যায়ন ও নিয়ন্ত্রণের মাধ্যমে অর্জিত হয়। নিয়মিত প্রশিক্ষণ, নিরীক্ষা এবং স্বচ্ছ প্রতিবেদন ব্যবস্থার মাধ্যমে, আমরা আমাদের স্বাস্থ্য ও নিরাপত্তা কর্মক্ষমতা ক্রমাগত উন্নত করি।

আমাদের গ্রুপ-ব্যাপী নিরাপত্তা কর্মসূচি, “safe.”, আমাদের লক্ষ্য একটি আঘাতমুক্ত কর্মক্ষেত্র অর্জনে সহায়তা করা। এটি চারটি স্তম্ভের ওপর ভিত্তি করে গঠিত:

- **নিরাপত্তা সর্বাগ্রে**
- **যোগাযোগের উন্নয়ন**
- **সহযোগিতা বৃদ্ধি**
- **দায়িত্বশীলতা উৎসাহিত করা**

## যৌথ দায়িত্বের সংস্কৃতি

আমরা কর্মী, ঠিকাদার, দর্শনার্থী এবং যে সম্প্রদায়গুলিতে আমরা কাজ করি তাদের সাথে সহযোগিতা করে স্বাস্থ্য ও নিরাপত্তার একটি যৌথ ও সক্রিয় সংস্কৃতি গড়ে তুলি। আমরা আশা করি আমাদের ব্যবসায়িক অংশীদার ও সরবরাহকারীরাও একই মানদণ্ড অনুসরণ করবে।

একটি শক্তিশালী স্বাস্থ্য ও নিরাপত্তা সংস্কৃতি বজায় রাখা ব্যক্তিগত ও সম্মিলিত—উভয় দায়িত্বই, যা দৃশ্যমান নেতৃত্ব, প্রশিক্ষণ এবং কর্মক্ষেত্রে সবার অংশগ্রহণের মাধ্যমে নিশ্চিত করতে হয়। আমরা সবাইকে অনিরাপদ পরিস্থিতি রিপোর্ট করতে উৎসাহিত করি, যাতে যথাযথ সংশোধনমূলক ব্যবস্থা নেওয়া যায়। ঊর্ধ্বতন নেতৃত্বস্থানীয় কর্মকর্তাদের অবশ্যই উদাহরণ সৃষ্টি করতে হবে এবং নিশ্চিত করতে হবে যে স্বাস্থ্য ও নিরাপত্তা নীতিমালায় কোনোভাবেই আপস না করা হয়।

শারীরিক নিরাপত্তার প্রতি আমাদের প্রতিশ্রুতির পাশাপাশি, আমরা এমন একটি সংস্কৃতি তৈরি করতে চেষ্টা করি যেখানে কর্মীরা নিজেদের সমর্থিত বোধ করে। আমরা এমন একটি বিশ্বাসভিত্তিক পরিবেশকে অগ্রাধিকার দিই যেখানে সহকর্মীরা কাজের চাপ বা মানসিক স্বাস্থ্য চ্যালেঞ্জ সম্পর্কে খোলাখুলিভাবে কথা বলতে পারে এবং নিশ্চিত থাকতে পারে যে তারা বোঝাপড়া ও সহায়তা পাবে।



আপনি আমাদের **safe.** কর্মসূচি সম্পর্কে আরও তথ্য আমাদের ওয়েবসাইটের Health & Safety পেজে পড়তে পারেন: calderys.com



## প্রতিভা ও দক্ষতা উন্নয়ন

প্রতিভা ও দক্ষতা ব্যবস্থাপনা মানুষকে তাদের কর্মজীবন এবং দৈনন্দিন কাজে ক্ষমতায়িত করতে পারে, এবং তাদের সার্বিক সুস্থতায় সহায়তা করতে পারে। এটি একটি উদ্ভাবনী, সম্পৃক্ত এবং অনুপ্রাণিত কর্মীবাহিনী বজায় রাখতেও সহায়তা করে। আমরা সকল স্তরের কর্মচারীদের কারিগরি এবং ব্যবস্থাপনাগত, উভয় দক্ষতা উন্নয়নে সহায়তা করার আমাদের দায়িত্ব স্বীকার করি।

## সম্মান, সমতা এবং বৈষম্যের বিরুদ্ধে শূন্য সহনশীলতা

আমরা প্রত্যাশা করি যে আমাদের সকল কর্মী এবং যারা আমাদের সঙ্গে বা আমাদের জন্য কাজ করেন তারা যাদের সঙ্গে যোগাযোগ করেন তাদের প্রতি পেশাদার আচরণ করবেন, যা পারস্পরিক সম্মান, বিশ্বাস এবং ব্যক্তিগত মর্যাদার ভিত্তিতে গড়ে উঠবে।

আমরা আমাদের কর্মী, ঠিকাদার, স্টেকহোল্ডার বা চাকরিপ্রার্থীদের প্রতি লিঙ্গ, বয়স, জাতীয়তা, নাগরিকত্ব, জাতিগততা, ধর্মীয় অবস্থান, শিক্ষাগত যোগ্যতা, যৌন অভিমুখিতা, শারীরিক ও মানসিক সক্ষমতা, বৈবাহিক, পিতামাতৃক ও পারিবারিক অবস্থা, অথবা রাজনৈতিক বা শ্রম ইউনিয়নগত সংশ্লিষ্টতার ভিত্তিতে কোনো ধরনের বৈষম্য সহ্য করি না। আমরা সকল ধরনের হয়রানি, বিশেষ করে যৌন হয়রানি, কঠোরভাবে নিষিদ্ধ করি।

আমাদের টিমের মধ্যে বৈচিত্র্য, সমতা এবং অন্তর্ভুক্তি উৎসাহিত করা ক্যালডেরিসের একটি মূল অঙ্গীকার। আমাদের বিভিন্ন অভিজ্ঞতা, দৃষ্টিভঙ্গি এবং পরিচয় আমাদের কর্মশক্তিকে শক্তিশালী এবং উদ্ভাবনী করে তোলে। আমরা এমন একটি সংস্কৃতি গড়ে তুলতে চাই যেখানে সবাই নিজের পুরো পরিচয় নিয়ে কাজ করতে পারে এবং প্রত্যেক কর্মীকে তার জ্ঞান, দক্ষতা, অভিজ্ঞতা ও সংস্কৃতির জন্য মূল্যায়ন করা হয়। আমরা ন্যায্য কর্মসংস্থান চর্চাকে উৎসাহিত করি এবং সকল কর্মচারীকে সমান সুযোগ নিশ্চিত করি।

যদি কেউ হয়রানি বা বৈষম্যের শিকার হন বা প্রত্যক্ষ করেন, আমরা তাদেরকে ভয় ছাড়াই তা রিপোর্ট করতে উৎসাহিত করি। আমরা সদিচ্ছায় অভিযোগকারী ব্যক্তিদের প্রতিশোধমূলক আচরণ থেকে সুরক্ষা দিই এবং সমস্যা সমাধানে প্রয়োজনীয় সহায়তা ও অনুসরণ নিশ্চিত করি।

## সামাজিক সংলাপ

আমরা আমাদের কর্মী এবং তাদের ইউনিয়ন প্রতিনিধিদের সাথে ন্যায্য, স্বচ্ছ ও গঠনমূলক সম্পর্ক গড়ে তুলতে চেষ্টা করি। আমরা আমাদের আমরা কর্মীদের ট্রেড ইউনিয়ন গঠন বা তাতে যোগদান এবং যৌথ দরকষাকষি চুক্তিতে অংশগ্রহণের অধিকারকে সম্মান করি।

যেখানে আইনগতভাবে প্রয়োজন, সেখানে আমরা সরাসরি আমাদের কর্মীদের সঙ্গে কাজ করতে অগ্রাধিকার দিই এবং শ্রম-সংক্রান্ত সকল বিধিবিধান মেনে চলি। আমরা আইন অনুযায়ী কর্মীদের জোরপূর্বক প্রভাবমুক্ত থেকে স্বাধীনভাবে সিদ্ধান্ত নেওয়ার অধিকারকে সম্মান করি, এবং আমরা এমন একটি কর্মপরিবেশ তৈরি করতে চেষ্টা করি যেখানে সবাই মূল্যবান, শোনা এবং সম্মানিত বোধ করে।

আমরা প্রযোজ্য আইন ও বিধিমালা অনুযায়ী ব্যক্তিগত বা সমষ্টিগত কর্মচারীদের মতপ্রকাশের স্বাধীনতাকেও সম্মান করি।

## তৃতীয় পক্ষের সাথে সম্পৃক্ততা

**স্থানীয় সম্প্রদায়:**
বিশ্বজুড়ে, ক্যালডেরিসের কার্যক্রম এবং কর্মীরা তাদের স্থানীয় সম্প্রদায়ের অংশ হয়ে ওঠে এবং ক্যালডেরিস গ্রুপের প্রতিনিধি হিসেবে বিবেচিত হয়। আমাদের নৈতিক আচরণ আমাদের প্রতিবেশী এবং স্থানীয় ব্যবসায়িক অংশীদারদের বিশ্বাস ও আস্থা বজায় রাখে। আমরা আমাদের কার্যক্রমের আশেপাশের সম্প্রদায়ের সামাজিক-অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখতে সচেষ্ট থাকি।

**স্থানীয় কর্তৃপক্ষ:**
সরকারি কর্তৃপক্ষের সাথে আমাদের সম্পৃক্ততা অবশ্যই এই আচরণবিধির নৈতিক মূল্যবোধকে সম্পূর্ণরূপে প্রতিফলিত করবে। রাজনৈতিক দল, রাজনীতিবিদ বা রাজনৈতিক প্রতিষ্ঠানকে কোনো ধরনের অবদান সম্পূর্ণরূপে নিষিদ্ধ। (1)

1. রাজনৈতিক দল, রাজনীতিবিদ বা রাজনৈতিক প্রতিষ্ঠানে অবদান” বলতে বুঝায় কোনো উপহার, ঋণ, অগ্রিম বা আমানত, অর্থ বা বস্তুগত বা সেবার মূল্যমানের যে কোনো প্রদান, যা একটি রাজনৈতিক দল, রাজনৈতিক সংগঠন বা রাজনৈতিক প্রার্থীর (এছাড়াও তাদের পরিবারের সদস্য ও ঘনিষ্ঠদের) কার্যক্রম তহবিল করার জন্য করা হয়। এ ধরনের কার্যক্রমের মধ্যে রয়েছে জাতীয়, ফেডারেল, দেশীয়, রাজ্য, প্রদেশ, পৌর বা স্থানীয় পর্যায়ের যেকোনো নির্বাচন, অথবা রাজনৈতিক ব্যালট উদ্যোগ (যেমন গণভোট) বা কোনো রাজনৈতিক দল, রাজনৈতিক সংগঠন বা রাজনৈতিক প্রার্থীর সমর্থনে অন্যান্য তহবিল সংগ্রহের কার্যক্রম।

**মিডিয়া:**
ক্যালডেরিস গ্রুপ সম্পর্কে স্পষ্ট, সামঞ্জস্যপূর্ণ এবং নির্ভরযোগ্য যোগাযোগ নিশ্চিত করতে, কর্মীদের কমিউনিকেশনস বিভাগের যথাযথ অনুমোদন ছাড়া গ্রুপের পক্ষে মিডিয়ার সাথে যোগাযোগ করার অনুমতি নেই। সমস্ত মিডিয়া অনুসন্ধান কমিউনিকেশনস বিভাগে প্রেরণ করতে হবে, যারা প্রাসঙ্গিক এবং সঠিক তথ্য প্রদান, কোম্পানির বিশ্বাসযোগ্যতা এবং সুনাম বজায় রাখার দায়িত্বে রয়েছে।



## ডেটা গোপনীয়তা

গোপনীয়তা রক্ষা করা আমাদের কর্মী, গ্রাহক, সরবরাহকারী এবং ব্যবসায়িক অংশীদারদের সঙ্গে বিশ্বাস গড়ে তোলার জন্য মৌলিক বিষয়। আমরা আমাদের কাছে অর্পিত ব্যক্তিগত ডেটা এবং গোপনীয় তথ্য সুরক্ষিত রাখতে এবং সেই তথ্য দায়িত্বশীলভাবে ও স্বচ্ছতার সাথে ব্যবহার করতে প্রতিশ্রুতিবদ্ধ।

আমরা সকল প্রযোজ্য ডেটা সুরক্ষা ও গোপনীয়তা আইন মেনে চলি, যার মধ্যে General Data Protection Regulation (GDPR) এবং সংশ্লিষ্ট স্থানীয় বিধিবিধান অন্তর্ভুক্ত। এর অর্থ হলো ব্যক্তিগত তথ্য শুধুমাত্র বৈধ ব্যবসায়িক উদ্দেশ্যে এবং প্রয়োজনীয় সীমার মধ্যেই সংগ্রহ, প্রক্রিয়াকরণ, সংরক্ষণ ও শেয়ার করা হয়।

আমরা ডেটা সুরক্ষাকে আমাদের পরিচালনা ব্যবস্থা ও ঝুঁকি ব্যবস্থাপনা ব্যবস্থার সঙ্গে একীভূত করি, যাতে তথ্য নিরাপত্তা, গোপনীয়তা, অখণ্ডতা এবং প্রাপ্যতা সবসময় বজায় থাকে। কর্মীদের প্রত্যাশা করা হয় তথ্য সুরক্ষিত রাখা, আইটি সিস্টেম দায়িত্বশীলভাবে ব্যবহার করা, সম্ভাব্য সাইবার নিরাপত্তা ঝুঁকি সম্পর্কে সতর্ক থাকা এবং কোনো ডেটা লঙ্ঘন বা অপব্যবহার হলে তা দ্রুত রিপোর্ট করা।

আমরা নিয়মিত মূল্যায়ন, প্রশিক্ষণ এবং সচেতনতার মাধ্যমে আমাদের তথ্য গোপনীয়তা এবং সাইবার নিরাপত্তা চর্চা ক্রমাগত উন্নত করি। আমরা আমাদের সরবরাহকারী, ঠিকাদার এবং অংশীদারদের কাছ থেকেও আমাদের সাথে তাদের যোগাযোগে ডেটা সুরক্ষা এবং তথ্য নিরাপত্তার সমতুল্য মান বজায় রাখার প্রত্যাশা করি।

ডেটা সুরক্ষা মানে মানুষের সুরক্ষা – এবং আমরা প্রতিটি যোগাযোগে সেই বিশ্বাস বজায় রাখতে নিজেদের দায়বদ্ধ মনে করি।

## আমাদের মানুষ, সম্প্রদায় এবং সমগ্র মূল্য শৃঙ্খলের জন্য মানবাধিকারের স্বীকৃতি

আমরা আমাদের নিজস্ব কর্মীবাহিনীর মধ্যে মানবাধিকার ও শ্রম অধিকারকে সম্মান করতে এবং ন্যায্য, নিরাপদ ও সম্মানজনক কর্মপরিবেশ বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ।

যেখানেই আমরা কাজ করি, আমরা আন্তর্জাতিক স্বীকৃত মানবাধিকার রক্ষা করতে এবং জোরপূর্বক শ্রম, শিশু শ্রমসহ সব ধরনের আধুনিক দাসপ্রথা নির্মূল করার প্রচেষ্টাকে সমর্থন করতে চেষ্টা করি। আমরা এমন ব্যবসায়িক অংশীদারদের সাথে কাজ করতে চাই যারা এই নীতিগুলো মেনে চলে এবং আমাদের মূল্য শৃঙ্খলের সর্বত্র স্বীকৃত মানদণ্ডের সাথে সামঞ্জস্য বজায় রাখতে উৎসাহিত করে।

আমাদের পদ্ধতি পরিচালিত হয় আমরা যেসব দেশে কাজ করি সেসব দেশের প্রযোজ্য আইন এবং আন্তর্জাতিক স্বীকৃত কাঠামো দ্বারা, যার মধ্যে রয়েছে সার্বজনীন মানবাধিকার ঘোষণা, কর্মক্ষেত্রে মৌলিক নীতি ও অধিকার সম্পর্কিত আইএলও ঘোষণা, এবং বহুজাতিক উদ্যোগের জন্য OECD নির্দেশিকা। যেখানে জাতীয় আইন এবং আন্তর্জাতিক মানদণ্ডের মধ্যে পার্থক্য রয়েছে, আমরা সম্ভব হলে উচ্চতর মান অনুসরণ করি; যেখানে এগুলো সংঘর্ষ হয়, আমরা প্রযোজ্য আইন মেনে চলি এবং একই সাথে আন্তর্জাতিক নীতিসমূহকে যতদূর সম্ভব সম্মান করার চেষ্টা করি।

আমরা মানবাধিকার লঙ্ঘনের ক্ষেত্রে শূন্য-সহিষ্ণুতা নীতি অনুসরণ করি, আমাদের নিয়োগ, কর্মসংস্থান ও পরিচালন কার্যক্রমে শিশু শ্রম, জোরপূর্বক শ্রম এবং যেকোনো ধরনের শোষণ কঠোরভাবে নিষিদ্ধ করি। আমরা নেতিবাচক প্রভাব সৃষ্টি বা তাতে অবদান রাখা এড়ানোর লক্ষ্য রাখি এবং যেখানে তা চিহ্নিত হয়, সেগুলো দায়িত্বশীলভাবে মোকাবিলা করার চেষ্টা করি।

আমরা আমাদের নীতি ও ব্যবস্থায় যথাযথ যাচাই-বাছাই (due diligence) অন্তর্ভুক্ত করি, ফলাফলের ভিত্তিতে পদক্ষেপ নিই, অগ্রগতি পর্যবেক্ষণ করি এবং সংশ্লিষ্ট অংশীদারদের সাথে যোগাযোগ করি। যদিও আমরা আমাদের কার্যক্রমের মধ্যে এই প্রতিশ্রুতিগুলো পালন করি, তবুও আমরা সরবরাহকারী, ঠিকাদার এবং ব্যবসায়িক অংশীদারদের মধ্যেও অনুরূপ মানদণ্ড প্রচার করি।

## দায়িত্বশীল উৎসসংগ্রহ

আমরা সামাজিক ও পরিবেশগত আচরণের জন্য আমাদের উচ্চ মানদণ্ডের সাথে একমত এমন সরবরাহকারীদের কাছ থেকে দায়িত্বশীল উৎস সংগ্রহকে সমর্থন করতে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা আমাদের সরবরাহকারীদের একই নীতি অনুসরণ করতে এবং প্রযোজ্য আইন, আন্তর্জাতিক সনদ এবং আমাদের সরবরাহকারী ESG মানদণ্ডের সাথে সম্পূর্ণ সম্মতিতে কাজ করার প্রত্যাশা করি। (আমাদের ওয়েবসাইটে উপলব্ধ)।

আমরা EU সংঘর্ষ খনিজ বিধিমালা অনুযায়ী সংঘর্ষ খনিজ (3TG: টিন, ট্যান্টালম, টাংস্টেন এবং স্বর্ণ) ব্যবহার এড়াতে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা আমাদের সরবরাহকারীদের তাদের কার্যক্রমে সংঘর্ষ খনিজ ব্যবহার করার সময় OECD-এর সংঘর্ষ-আক্রান্ত এবং উচ্চ-ঝুঁকিপূর্ণ এলাকার খনিজের দায়িত্বশীল সরবরাহ শৃঙ্খলের জন্য যথাযথ সতর্কতা নির্দেশিকা অনুযায়ী যথাযথ সতর্কতা অবলম্বন করতে আশা করি।






# পরিবেশ

আমরা দায়িত্বশীল পরিবেশগত তত্ত্বাবধায়ক হিসেবে কাজ করার লক্ষ্য রাখি, পরিবেশ সংরক্ষণ ও স্থিতিস্থাপকতায় ইতিবাচক অবদান রাখতে।

**-এর কর্মচারীদের প্রত্যাশা করা হয় যে তারা তাদের কাজের সকল দিক থেকে পরিবেশগত প্রভাব সর্বনিম্ন করতে দায়িত্বশীলভাবে কাজ করবেন।**

বিশ্বব্যাপী কার্যক্রম পরিচালনার মাধ্যমে আমরা পরিবেশকে সম্মান ও রক্ষা করার গুরুত্ব স্বীকার করি। আমাদের প্রতিশ্রুতি কেবল প্রযোজ্য পরিবেশগত আইন ও বিধিমালা মেনে চলায় সীমাবদ্ধ নয়; আমরা সুষ্ঠু পরিবেশগত ব্যবস্থাপনার মাধ্যমে সক্রিয়ভাবে গ্রহকে সুরক্ষিত রাখতে চেষ্টা করি। আমরা স্বীকার করি যে আমাদের কার্যক্রম পরিবেশগত প্রভাব ও ঝুঁকি সৃষ্টি করতে পারে। আমরা আমাদের সমস্ত কার্যক্রমে এগুলো দায়িত্বশীলভাবে পরিচালনা করতে প্রতিশ্রুতিবদ্ধ।

আমরা পরিবেশগত ও জলবায়ু কর্মক্ষমতার জন্য একটি ব্যাপক ও দূরদর্শী পদ্ধতি অবলম্বন করি, যা শুধুমাত্র আমাদের কার্যক্রমের সরাসরি প্রভাবই নয়, জলবায়ু স্থিতিস্থাপকতায় সহায়তা, সম্পদ ব্যবহার হ্রাস এবং আমরা যে বাস্তুতন্ত্রগুলিতে কাজ করি সেগুলিতে আমাদের প্রভাব সর্বনিম্ন করার মতো আমাদের বিস্তৃত দায়িত্বগুলিকেও মোকাবিলা করে।

উন্নত প্রযুক্তি প্রয়োগ, অপারেশনাল উৎকর্ষতা প্রচার এবং আমাদের কার্যক্রমের প্রতিটি ধাপে পরিবেশগত বিবেচনাবলী সংহত করার মাধ্যমে, আমরা আমাদের নেতিবাচক প্রভাব কমাতে এবং আমাদের ব্যবসার প্রতিটি দিকে টেকসইতা নিশ্চিত করতে কাজ করি।

## দায়িত্বশীল পরিবেশগত তত্ত্বাবধায়ক হিসেবে পরিবেশ সংরক্ষণ

আমরা পরিবেশ এবং স্থানীয় সম্প্রদায়ের উপর পরিচালনাজনিত প্রভাব সর্বনিম্ন করতে সক্রিয়ভাবে কাজ করি।

এর মধ্যে রয়েছে:

- আমাদের কার্যক্রম ও কর্মকাণ্ড থেকে সৃষ্ট গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো, যার মধ্যে রয়েছে আমাদের গ্রাহকদের কম-কার্বন সমাধানের দিকে রূপান্তর করতে সহায়তা করা
- নির্গমন, ধুলো, শব্দ এবং অন্যান্য অপারেশনাল প্রভাব হ্রাস করে দূষণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ করা, যা মানবস্বাস্থ্য ও পরিবেশের উপর প্রভাব ফেলে
- দায়িত্বশীলভাবে জল উত্তোলন, পরিশোধন, পুনঃব্যবহার এবং জলের গুণগত মান রক্ষার মাধ্যমে স্থানীয় জলসম্পদ সংরক্ষণ করা
- ভূমি ব্যবহারের প্রভাব দায়িত্বশীলভাবে পরিচালনা করে জীববৈচিত্র্য ও বাস্তুতন্ত্রের উপর প্রভাব সর্বনিম্ন রাখা

এই প্রচেষ্টার মাধ্যমে, আমরা নিশ্চিত করি যে আমাদের কার্যক্রম বর্তমান ও ভবিষ্যত প্রজন্মের জন্য পরিবেশগত ব্যবস্থাপনা এবং প্রাকৃতিক পরিবেশের সুরক্ষার প্রতিশ্রুতি প্রতিফলিত করে।

কর্মচারীদের প্রত্যাশা করা হয় যে তারা উপযুক্ত অভ্যন্তরীণ চ্যানেলের মাধ্যমে পরিবেশগত ঝুঁকি, ঘটনা বা অ-অনুবর্তিতা রিপোর্ট করবেন, এবং তাদের দায়িত্বের ক্ষেত্রের মধ্যে প্রাসঙ্গিক পরিবেশগত নিয়ন্ত্রণগুলি বাস্তবায়ন করবেন।

পরিবেশগত অভিভাবক হিসেবে আমাদের দায়িত্বের অংশ হিসেবে, আমরা আমাদের কার্যক্রম ও কর্মকাণ্ড থেকে সৃষ্ট গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানোর জন্য পদক্ষেপ গ্রহণ করি। জলবায়ু প্রভাবসহ পরিবেশগত বিষয়গুলোকে অপারেশনাল অনুশীলন, সরঞ্জাম নির্বাচন, উৎস সংগ্রহ, লজিস্টিকস এবং প্রকল্প সিদ্ধান্তে সংহত করতে হবে। আমরা আমাদের মূল্য শৃঙ্খলের (value chain) জুড়ে শক্তি দক্ষতা উন্নত করতে, নির্গমন কমাতে এবং দায়িত্বশীল পরিবেশগত কর্মক্ষমতাকে সমর্থন করতে উদ্ভাবন ও প্রযুক্তিগত দক্ষতা প্রয়োগ করি, যার মধ্যে রয়েছে আমাদের গ্রাহকদের কম-কার্বন সমাধানের দিকে রূপান্তর করতে সহায়তা করা।

### ঝুঁকি এবং সুযোগ

**আমরা কীভাবে আমাদের কার্যক্রম এবং মূল্য শৃঙ্খলের (ভ্যালু চেইন) জুড়ে জলবায়ু-সম্পর্কিত ঝুঁকি এবং সুযোগগুলি মূল্যায়ন ও পরিচালনা করি?**

1 আমাদের পদ্ধতি সমস্ত অপারেশনাল ক্ষেত্র জুড়ে বিস্তৃত, যার মধ্যে রয়েছে সরঞ্জাম, প্রক্রিয়া, সরবরাহ শৃঙ্খল, লজিস্টিকস এবং কম-কার্বন প্রযুক্তি।

2 ২. আমরা পরিস্থিতি বিশ্লেষণ ব্যবহার করি এবং নিয়মিতভাবে আমাদের পরিবেশগত পদচিহ্ন পর্যবেক্ষণ করি, আমাদের স্কোপ ১, ২ এবং ৩ নির্গমনের স্পষ্ট ধারণা বজায় রেখে।

3 ৩. আমরা প্রাসঙ্গিক বিশেষজ্ঞদের মতামত নিয়ে একটি স্থিতিস্থাপক জলবায়ু ব্যবস্থাপনা ব্যবস্থা গড়ে তুলছি।

4 ৪. আমরাCO2 নির্গমনকমাতে, শক্তি দক্ষতা উন্নত করতে এবং কম-কার্বন উদ্ভাবনকে উৎসাহিত করতেচেষ্টা করি ।

5 ৫. আমরা আমাদের উদ্ভাবনী সক্ষমতা কাজে লাগিয়ে আমাদের গ্রাহকদের কম-কার্বন অর্থনীতিতে রূপান্তরে সহায়তা করি।

## জলবায়ু কার্যক্রম এবং নিম্ন-কার্বন রূপান্তর

আমরা জলবায়ু পরিবর্তনকে একটি গুরুত্বপূর্ণ বৈশ্বিক চ্যালেঞ্জ এবং আমাদের ব্যবসা ও সমাজের জন্য একটি বাস্তব ঝুঁকি হিসেবে স্বীকৃতি দিই। লক্ষ্যভিত্তিক পদক্ষেপ এবং ধারাবাহিক উন্নয়নের মাধ্যমে আমরা আমাদের কার্যক্রমকে এমন একটি বৈশ্বিক উষ্ণায়ন পথের সঙ্গে সামঞ্জস্য করতে চাই, যা ২°C-এর অনেক নিচে থাকে। এছাড়াও, আমরা ২০২১ সালের তুলনায় ২০৩০ সালের মধ্যে আমাদের Scope 1 ও Scope 2 কার্বন ইনটেনসিটি (tCO□e প্রতি আয়ের একক) কমপক্ষে ৫০% কমানোর প্রতিশ্রুতি দিয়েছি।

জলবায়ু-সংক্রান্ত ঝুঁকি সহ জলবায়ু বিষয়ক বিবেচনাগুলি ব্যবসায়িক পরিকল্পনা ও কৌশলে একীভূত করা হয়েছে। কর্মীদের প্রত্যাশা করা হয় যে তারা অপারেশন, ক্রয়, বিনিয়োগ এবং লজিস্টিকস সংক্রান্ত সিদ্ধান্ত নেওয়ার সময় জলবায়ুর প্রভাব বিবেচনা করবে, যাতে দীর্ঘমেয়াদী স্থিতিস্থাপকতা ও দায়িত্বশীল প্রবৃদ্ধি নিশ্চিত হয়।

আমরা উপযুক্ত পরিচালনা ব্যবস্থা, ঝুঁকি মূল্যায়ন এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের মাধ্যমে জলবায়ু-সংক্রান্ত ঝুঁকিগুলি পরিচালনা করি।

উদ্ভাবন, প্রযুক্তিগত দক্ষতা এবং পুরো মূল্য শৃঙ্খলে সহযোগিতা আমাদের এবং আমাদের গ্রাহকদের জন্য পরিবেশগত কর্মক্ষমতা উন্নয়নে সহায়তা করে।

## টেকসই সম্পদ ব্যবহার এবং সার্কুলার অর্থনীতি

আমরা বর্জ্য হ্রাস, প্রাকৃতিক সম্পদের (যেমন খনিজ ও পানি) দক্ষ ও দায়িত্বশীল ব্যবহার এবং আমাদের কার্যক্রম ও মূল্য শৃঙ্খলে সার্কুলার অর্থনীতির নীতিমালা প্রচারে প্রতিশ্রুতিবদ্ধ।

নতুন কাঁচামালের উপর আমাদের নির্ভরতা কমানো একটি অগ্রাধিকার। আমরা এটি অর্জন করি সেকেন্ডারি কাঁচামালের উৎস শনাক্ত করে, সরবরাহকারীদের সঙ্গে সহযোগিতা বাড়িয়ে এবং আমাদের ব্যবহৃত রিফ্র্যাক্টরি পণ্য পুনরুদ্ধার ও পুনঃব্যবহারের জন্য গ্রাহকদের সঙ্গে অংশীদারিত্ব গড়ে তুলে।

আমরা উৎপাদনজনিত ত্রুটিপূর্ণ উপাদানসহ উপকরণ পুনঃব্যবহার ও পুনরুদ্ধারকে অগ্রাধিকার দিই এবং পণ্য ও প্রক্রিয়ায় সেকেন্ডারি ও পুনর্ব্যবহৃত উপকরণের ব্যবহারের জন্য উৎসাহিত করি। পণ্য উন্নয়ন, সরবরাহকারী নির্বাচন এবং গ্রাহকদের সাথে সম্পৃক্ততার সময় সম্পদ দক্ষতা, পণ্যের নকশা, উৎস নির্ধারণ এবং ব্যবহারের শেষ পর্যায়ের ব্যবস্থাপনার মতো পরিবেশগত বিষয়গুলি বিবেচনায় নেওয়া হয়।

এই প্রচেষ্টাগুলির মাধ্যমে, আমরা আমাদের মূল্য শৃঙ্খলে সার্কুলারিটি (বৃত্তাকারতা) বৃদ্ধি করি, পণ্যের জীবনচক্র শেষে ব্যবস্থাপনাকে উন্নত করি এবং আরও দক্ষ সম্পদ ব্যবহারকে সহায়তা করি। এই চর্চাগুলি পরিবেশগত প্রভাব হ্রাস, শক্তিশালী সম্পদ স্থিতিস্থাপকতা এবং দীর্ঘমেয়াদী ব্যবসায়িক টেকসইতা নিশ্চিত করে।

**"আমরা ২০২১ থেকে ২০২৩ সালের মধ্যে Scope 1 ও Scope 2 কার্বন ইনটেনসিটি কমপক্ষে ৫০% কমানোর প্রতিশ্রুতি দিয়েছি।"**





# আমাদের সম্পদ

আমরা প্রত্যেকেই ক্যালডেরিসের সম্পদ, তথ্য এবং সিস্টেম নৈতিকভাবে, নিরাপদে এবং গ্রুপ নীতিমালার সাথে সামঞ্জস্য রেখে ব্যবহার করার জন্য যৌথভাবে দায়িত্বশীল।

**আমাদের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রুপের সম্পদকে সুরক্ষিত রাখতে সাহায্য করে, যাতে সেগুলি যথাযথভাবে এবং ব্যবস্থাপনার নির্দেশনা ও গ্রুপ নীতিমালার সাথে সামঞ্জস্য রেখে ব্যবহার করা হয়।**

এটি দায়িত্বশীল মূল্যায়ন এবং ঝুঁকি হ্রাসের সাথে সামঞ্জস্যপূর্ণ, যা উল্লেখযোগ্য ক্ষতি বা লোকসানের বিরুদ্ধে যথাযথ সুরক্ষা নিশ্চিত করা যায়।

## গোপনীয় তথ্য এবং মেধাস্বত্ব

গোপনীয় তথ্য একটি অত্যন্ত মূল্যবান সম্পদ। এটি একটি গ্রুপ সম্পদ যার মধ্যে পেটেন্ট, ট্রেডমার্ক, কপিরাইট, বাণিজ্য গোপনীয়তা এবং নৈপুণ্য (know-how) এর মতো মেধাস্বত্ব অন্তর্ভুক্ত রয়েছে। এতে অভ্যন্তরীণ কৌশলগত, আর্থিক, প্রযুক্তিগত বা বাণিজ্যিকভাবে সংবেদনশীল তথ্য, সেইসাথে ব্যক্তিগত তথ্য এবং মানবসম্পদ সম্পর্কিত তথ্যও অন্তর্ভুক্ত।

গোপনীয় তথ্যের মধ্যে টুল বা সিস্টেম পরিচালনার তথ্য এবং তৃতীয় পক্ষের দ্বারা গোপনীয় ভিত্তিতে আমাদের কাছে অর্পিত তথ্যও অন্তর্ভুক্ত।

আমরা সবাই মালিকানাধীন তথ্য সুরক্ষিত রাখার এবং তা সঠিকভাবে ব্যবহার হচ্ছে ও শুধুমাত্র অনুমোদিত ব্যক্তিদের সাথে শেয়ার করা হচ্ছে তা নিশ্চিত করার জন্য দায়িত্বশীল, যাতে কোনো দুর্ঘটনাজনিত, অননুমোদিত বা অরক্ষিত প্রকাশ না ঘটে। আমাদের কর্মস্থলের বাইরে আমাদের কথোপকথন ও কার্যক্রমে তৃতীয় পক্ষের কাছে এর অননুমোদিত প্রকাশ এড়াতে সতর্ক থাকতে হবে।

## ব্যক্তিগত দৃষ্টিভঙ্গি শেয়ার করা, সামাজিক নেটওয়ার্কিং এবং তৃতীয় পক্ষের ওয়েবসাইট ব্যবহার

কর্মীরা ব্যক্তিগত অনলাইন যোগাযোগ বা কার্যকলাপের মাধ্যমে, ব্যক্তিগত সামাজিক নেটওয়ার্কসহ, দাবি করতে পারবে না যে তাদের মতামত বা মন্তব্য কোনোভাবেই ক্যালডেরিসকে প্রতিনিধিত্ব করে।

ব্যক্তিগত সামাজিক নেটওয়ার্কেও কর্মীদের প্রত্যাশা করা হয় যে তারা গ্রুপের মূল্যবোধ এবং কর্মক্ষেত্রে অনুসৃত সম্মান, ন্যায্যতা ও অন্তর্ভুক্তির নীতিমালা বজায় রাখবে। এটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ পেশাগত বা নেটওয়ার্কিং প্ল্যাটফর্মে, যেখানে ক্যালডেরিসের সঙ্গে আপনার কর্মসংস্থান দৃশ্যমান হতে পারে এবং গ্রুপের সঙ্গে আপনার সংযোগ অনুমান করা হতে পারে।

কর্মীরা ক্যালডেরিসের সোশ্যাল মিডিয়া নির্দেশিকায় এ বিষয়ে আরও জানতে পারেন। কোনো সন্দেহ থাকলে, তারা কমিউনিকেশনস বিভাগে যোগাযোগ করতে পারেন।

ব্যক্তিগতভাবে রাজনৈতিক প্রক্রিয়ায় অংশগ্রহণে আমরা বাধা দিই না। তবে, কেউই দাবি করতে পারবে না যে তারা এমন ব্যক্তিগত কার্যক্রমে গ্রুপের প্রতিনিধিত্ব করছেন।

## ক্যালডেরিস যন্ত্রপাতি ও সিস্টেমের ব্যবহার

গ্রুপের যন্ত্রপাতি, সিস্টেম এবং সম্পদের সঠিকভাবে ব্যবহার এবং সেগুলোর সুরক্ষার জন্য আমরা সবাই দায়িত্বশীল।

ক্যালডেরিসের যন্ত্রপাতি ও সিস্টেমগুলো পেশাদার ব্যবহারের জন্য নির্ধারিত। এগুলোর মধ্যে রয়েছে তথ্য, প্রযুক্তি ও যোগাযোগের সম্পদ যেমন টেলিফোন, ইমেইল, ভয়েসমেইল এবং ইন্টারনেট অ্যাক্সেস।

তথ্য, প্রযুক্তি ও যোগাযোগ সরঞ্জামের যুক্তিসঙ্গত ব্যক্তিগত ব্যবহার গ্রুপের প্রতিটি সংস্থার নির্দিষ্ট নীতিমালা এবং গোপনীয়তার প্রতি শ্রদ্ধা রেখে অনুমোদিত হতে পারে।

ক্যালডেরিস তার যোগাযোগ ডিভাইসে থাকা তথ্য পর্যালোচনা করার অধিকার সংরক্ষণ করে এবং প্রয়োজন অনুযায়ী গ্রুপ-ডিভাইসগুলোর তথ্য অ্যাক্সেস সহজ করতে কর্মীদের সহযোগিতা করতে হয়।

ব্যক্তিগত, ব্যবসা-বহির্ভূত যোগাযোগ পর্যালোচনার ক্ষেত্রে ক্যালডেরিস যুক্তিসঙ্গত সব পদক্ষেপ গ্রহণ করে যাতে সেই যোগাযোগের গোপনীয়তা রক্ষা করা যায়। পাশাপাশি, আমরা কর্মী, ব্যবসা এবং সম্পদ সুরক্ষায় বিভিন্ন মানসম্মত নিরাপত্তা টুল ব্যবহার করি। এর মধ্যে রয়েছে ইন্টারনেট ফিল্টারিং, অ্যান্টি-ভাইরাস সফটওয়্যার এবং মেসেজিং ও সহযোগিতা প্ল্যাটফর্মের লগিং ও রিপোর্টিং সুবিধা। এসব ব্যবস্থা হুমকি শনাক্ত করা, সন্দেহজনক ট্রাফিক ব্লক করা, সমস্যা সমাধান এবং নেটওয়ার্ক ব্যবস্থাপনার জন্য ব্যবহৃত হতে পারে এবং স্থানীয় বিধিমালা মানার জন্যও প্রয়োজন হতে পারে।

ক্যালডেরিসের সম্পদ ব্যবহারকারী সকলের দায়িত্ব হলো এগুলোকে ক্ষতি, পরিবর্তন, প্রতারণা, হারানো বা চুরি থেকে রক্ষা করা এবং গ্রুপ সরবরাহকৃত যন্ত্রপাতির নিরাপত্তা ব্যবস্থা কোনোভাবেই অতিক্রম না করা।





# ব্যবসা সততা ও নৈতিকতা

নৈতিকভাবে কাজ করা শুধুমাত্র আমাদের ব্যবসা পরিচালনাকারী আইন ও বিধিমালা মেনে চলার বিষয় নয়। এটি ব্যক্তিগত সততার সর্বোচ্চ মান অনুসরণ করার বিষয়ও, যার মধ্যে তৃতীয় পক্ষের সাথে ন্যায্য আচরণ অন্তর্ভুক্ত। এটি আমাদেরকে তথ্যভিত্তিক ও বস্তুনিষ্ঠ ব্যবসায়িক সিদ্ধান্ত নিতে সাহায্য করে।

**ক্যালডেরিসের কর্পোরেট গভর্নেন্স, জবাবদিহিতা এবং দায়িত্ববোধ সততা ও স্বচ্ছতার সর্বোচ্চ মান প্রতিফলিত করে।**

আমরা প্রতিশ্রুতিবদ্ধ যে পরিচালকরা তাদের দায়িত্ব ও কর্তব্য সম্পূর্ণ ও কার্যকরভাবে পালন করতে যে সকল তথ্য প্রয়োজন, তা তাদের কাছে সরবরাহ করা হবে।

## কর্মীদের দায়িত্ব ও নেতৃত্ব: আমাদের নৈতিক ব্যবস্থার ভিত্তি

ক্যালডেরিসে আমাদের প্রত্যেককে অবশ্যই যে দেশগুলোতে আমরা কাজ করি সেসব দেশের আইন মেনে চলতে হবে।

আমাদের ব্যক্তিগত পেশাদার আচরণে একে অপরের এবং আমাদের সকল স্টেকহোল্ডারদের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করা উচিত, যার মধ্যে রয়েছে গ্রাহক, সরবরাহকারী, এজেন্ট, শেয়ারহোল্ডার এবং আমরা যে সম্প্রদায়গুলিতে কাজ করি সেখানকার মানুষ।

এর পাশাপাশি, আমরা সবাই নৈতিকতার ক্ষেত্রে নেতৃত্ব দিতে পারি; আমাদের দৈনন্দিন কাজে নেতৃত্বের মানসিকতা ধারণ, বিকাশ এবং প্রদর্শন করা উচিত। আমাদের উচিত উদাহরণ সৃষ্টি করে নেতৃত্ব দেওয়া, যেখানে থাকবে সহনশীলতা, উন্মুক্ততা এবং স্পষ্টতা। অনুপযুক্ত আচরণের কোনো স্থান এখানে নেই।

## রিপোর্টিংয়ে স্বচ্ছতা

আমরা আমাদের শেয়ারহোল্ডারদের প্রতি স্বচ্ছতার জন্য এবং যেখানে আমরা কাজ করি সেখানে আইন দ্বারা প্রয়োজনীয় সমস্ত তথ্য প্রদানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। আমরা যে সমস্ত তথ্য রিপোর্ট করি তার সঠিকতা অভ্যন্তরীণভাবে এবং প্রয়োজনে স্বাধীন তৃতীয় পক্ষ দ্বারা যাচাই করা হয়।

আমরা আমাদের ওয়েবসাইট এবং প্রয়োজনে মিডিয়ার মাধ্যমে প্রাসঙ্গিক তথ্য স্পষ্ট ও সময়োপযোগীভাবে প্রদান করি, একই সঙ্গে সুশাসনের নীতিমালা অনুসরণ করি এবং কৌশলগত ও বাণিজ্যিক গোপনীয়তা রক্ষা করি। এর মধ্যে রয়েছে কার্যক্রম, বিনিয়োগ, সমাধান এবং অন্যান্য গ্রুপের সাফল্য সম্পর্কিত তথ্য।

## আর্থিক বিবৃতিতে যথার্থতার জন্য অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ

আমাদের আর্থিক বিবৃতি এবং কর্পোরেট প্রতিবেদনগুলি আমাদের কার্যক্রমের একটি সত্য ও ন্যায্য চিত্র তুলে ধরে। আমরা এগুলি প্রস্তুত করি সতর্ক বিচারবোধ প্রয়োগ করে, স্বীকৃত ও যথাযথ হিসাবনীতি অনুসারে এবং সর্বোচ্চ নৈতিক ও পেশাগত মান বজায় রেখে।

আমাদের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রযোজ্য আইন ও বিধিমালা মেনে চলার জন্য ডিজাইন করা হয়েছে এবং, সেই হিসেবে, আমাদের আর্থিক তথ্য আমাদের ফলাফলের একটি সঠিক চিত্র তুলে ধরে।

## ব্যবসায়িক রেকর্ড সংরক্ষণ

সু-ব্যবস্থাপনা নির্ভর করে উদ্দেশ্যভিত্তিক বিশ্লেষণ ও নিয়ন্ত্রণের ওপর, যা গ্রুপজুড়ে নির্ভরযোগ্য তথ্য প্রবাহের মাধ্যমে নিশ্চিত করা হয়, পাশাপাশি গোপনীয় তথ্যের প্রতি যথাযথ সম্মান বজায় রাখা হয়।

প্রতিটি গ্রুপ সত্তাকে সৎ ও সঠিক ব্যবসায়িক রেকর্ড সংরক্ষণ করতে হয়। এটি দায়িত্বশীল ও তথ্যভিত্তিক ব্যবসায়িক সিদ্ধান্ত গ্রহণ এবং আইনগত, আর্থিক ও নিয়ন্ত্রক প্রতিবেদন তৈরির ভিত্তি। এর অর্থ হলো কোনোভাবেই কোনো লেনদেনের প্রকৃত স্বরূপ গোপন, পরিবর্তন, জাল বা বিকৃত করা যাবে না। একইভাবে, অতিরঞ্জন করা, অবমাননাকর মন্তব্য করা, অনুমান করা বা কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের ভুল উপস্থাপন করাও কোনো ধরনের প্রতিবেদন বা যোগাযোগে গ্রহণযোগ্য নয়।

আমরা সবাই দায়িত্বশীল যে রেকর্ডগুলো স্থানীয় আইন অনুযায়ী এবং রেকর্ড সংরক্ষণ সংক্রান্ত ক্যালডেরিসের নীতিমালা অনুসারে সংরক্ষণ বা ধ্বংস করা হয়।

> **আমাদের ব্যক্তিগত পেশাদার আচরণে একে অপরের এবং আমাদের সকল স্টেকহোল্ডারদের প্রতি সম্মান প্রদর্শন করা উচিত। এটি তাদের আমাদের প্রতি আস্থা ও বিশ্বাস বজায় রাখতে এবং আরও শক্তিশালী করতে সহায়তা করবে।**

**আমাদের ওয়েবসাইট Calderys.com নিয়মিতভাবে গুরুত্বপূর্ণ কর্পোরেট সংবাদ এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্য সকল অংশীজনের জন্য আপডেট করে থাকে।**

## পূর্ণ এবং ন্যায্য প্রতিযোগিতার প্রচার

ন্যায্য এবং নৈতিক প্রতিযোগিতার প্রতি আমাদের অঙ্গীকারের অর্থ হল যে আমরা বেআইনি কাজ করে বা অন্যায্যভাবে প্রতিযোগিতা করে ব্যবসা অর্জন বা গ্রাহক সম্পর্ক বজায় রাখি না। আমরা অ্যান্টিট্রাস্ট (প্রতিযোগিতা আইন) এবং গ্রাহক, সরবরাহকারী ও প্রতিযোগীদের সঙ্গে ন্যায্য আচরণ সংক্রান্ত আইন ও বিধিবিধান মেনে চলি এবং আমাদের অ্যান্টিট্রাস্ট নীতিমালার নির্দেশনা অনুসরণ করি।

কোনো প্রতিযোগীর সঙ্গে এমন কোনো চুক্তি বা বোঝাপড়া প্রস্তাব বা গ্রহণ করা যাবে না, যা পণ্য বা সেবা বিক্রয়ে পূর্ণ ও ন্যায্য প্রতিযোগিতাকে কোনোভাবেই সীমিত করে। এর মধ্যে রয়েছে:

- মূল্য নির্ধারণ বা নিয়ন্ত্রণ
- দরপত্র জালিয়াতি
- পণ্য, বাজার বা অঞ্চল বরাদ্দকরণ
- কোনো পণ্যের উৎপাদন, বিক্রয় বা উৎপাদন বা কোনো পরিষেবা প্রদানে সীমাবদ্ধতা আরোপ
- বয়কট আরোপ



যখন আমরা ট্রেড অ্যাসোসিয়েশন কার্যক্রম বা এমন কোনো পরিস্থিতিতে থাকি যেখানে প্রতিযোগী, গ্রাহক বা সরবরাহকারীদের সঙ্গে যোগাযোগ হয়, তখন আমাদের বিশেষভাবে সতর্ক থাকতে হবে যাতে এই ধরনের যোগাযোগ ও যৌথ কার্যক্রমে অ্যান্টিট্রাস্ট আইন লঙ্ঘিত না হয়।

## স্বার্থের দ্বন্দ্ব এড়ানো

আমাদের সকলকে স্বার্থের সংঘাতের সম্ভাব্য আভাসও এড়াতে সতর্ক থাকতে হবে। এর মধ্যে এমন কোনো দ্বিতীয় চাকরি বা বাহ্যিক ব্যবসায়িক কার্যক্রমে লিপ্ত হওয়া অন্তর্ভুক্ত, যা ক্যালডেরিসের জন্য আপনার দায়িত্বের সাথে হস্তক্ষেপ করতে পারে বা প্রতিদ্বন্দ্বিতা করতে পারে, অথবা আমাদের গ্রুপের প্রতি আপনার বস্তুনিষ্ঠতা বা প্রতিশ্রুতিকে ক্ষতিগ্রস্ত করতে পারে। যদি কোনো সন্দেহ থাকে, তাহলে আপনাকে আপনার ম্যানেজার, আঞ্চলিক আইনি উপদেষ্টা বা এইচআর ম্যানেজারের সাথে বিষয়টি আলোচনা করতে হবে।

আমাদের এমন পরিস্থিতিও এড়িয়ে চলতে হবে যেখানে আমাদের ব্যক্তিগত স্বার্থ ক্যালডেরিস গ্রুপ এবং এর স্টেকহোল্ডারদের স্বার্থ দ্বারা ইতিবাচক বা নেতিবাচকভাবে প্রভাবিত হতে পারে। এই প্রয়োজনীয়তার আওতা শুধুমাত্র কর্মচারীরাই নয়। ক্যালডেরিস গ্রুপের সাথে যেকোনোভাবে যুক্ত যে কেউ, যার মধ্যে পরিচালক ও কর্মকর্তারা এবং গ্রুপের সাথে অংশীদারিত্ব ও যৌথ উদ্যোগে যুক্ত ব্যক্তিরা অন্তর্ভুক্ত, তাদের স্বার্থের সংঘাত সৃষ্টি করতে পারে এমন যেকোনো নতুন পরিস্থিতি প্রকাশে সতর্ক ও স্বচ্ছ থাকতে হবে।

## সংবেদনশীল দেশগুলির সাথে লেনদেনে উচ্চমাত্রার সতর্কতা

আমরা যেখানেই ব্যবসা করি, সেখানে আমাদের সকলকে প্রযোজ্য বিধিমালা মেনে চলতে হবে, যার মধ্যে নিষেধাজ্ঞা, অর্থনৈতিক অবরোধ, রপ্তানি/আমদানি নিয়ন্ত্রণ, এবং বাণিজ্য ও বয়কটবিরোধী বিধিমালা অন্তর্ভুক্ত।

বিশেষ করে, বিক্রয় ও ক্রয় টিমগুলিকে গ্রাহকের অর্ডার গ্রহণ বা ক্রয় অর্ডার দেওয়ার আগে সতর্কতার সাথে পর্যালোচনা করতে হবে, যাতে ক্যালডেরিসের বাণিজ্যিক কোনো লেনদেন নিষিদ্ধ দেশ, নিষিদ্ধ ব্যবসা ক্ষেত্র বা কালো তালিকাভুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের সুবিধার্থে করা না হয়।

## ঘুষ ও দুর্নীতি প্রতিরোধ

ক্যালডেরিসের সকল কর্মচারী ও সহযোগীদের তাদের কর্তব্য পালন করার সময় সম্পূর্ণরূপে নিন্দার উর্ধ্বে থেকে আচরণ করতে হবে এবং দুর্নীতি প্রতিরোধ ও সনাক্তকরণের জন্য ক্যালডেরিসের ব্যবস্থাগুলি মেনে চলতে হবে। এই ব্যবস্থাগুলি আমাদের গ্রুপের ঘুষ-বিরোধী নীতিতে নির্ধারিত আছে।

আমরা শুধুমাত্র ক্যালডেরিসের পণ্য ও সেবার গুণগত মানের ভিত্তিতে প্রতিযোগিতা করতে প্রতিশ্রুতিবদ্ধ।

আমরা কোনো ধরনের ঘুষকে সমর্থন করি না এবং ক্যালডেরিস যেসব দেশে কার্যক্রম পরিচালনা করে, সেসব দেশের প্রযোজ্য সকল ঘুষ-বিরোধী ও দুর্নীতি-বিরোধী আইনকে আমরা সম্মান করি। এর অর্থ হল:

- আমরা আমাদের কাজ এবং আমাদের পণ্যের গুণগত মানের মাধ্যমে ব্যবসা অর্জন করি, কখনই অনুচিত প্রভাব বা দুর্নীতির প্ররোচনার মাধ্যমে নয়
- আমরা সরকারি কর্মকর্তা বা বেসরকারি খাতে উচ্চ মূল্যের অর্থ প্রদান, উপহার বা আমন্ত্রণ জানানো নিষিদ্ধ করি, যদি তা তাদের নিয়োগকর্তার আইনগত শর্ত বা আইনি দায়িত্ব লঙ্ঘন করতে প্ররোচিত করে কোনো ব্যবসায়িক সুবিধা নিশ্চিত করার উদ্দেশ্যে করা হয়
- আমরা আমাদের পণ্য ও সেবার বিষয়ে কোনো সিদ্ধান্ত প্রভাবিত করতে অবৈধ অর্থ প্রদানকে সমর্থন করি না

একই কারণে, ক্যালডেরিসের কেউই কোনো ব্যবসায়িক অংশীদার বা অন্য কারো কাছ থেকে এমন কোনো অর্থপ্রদান, উপহার বা আমন্ত্রণ গ্রহণ করতে পারবেন না, যা গ্রুপের প্রতি তাদের সিদ্ধান্ত বা দায়িত্বকে প্রভাবিত করার করার ইঙ্গিত বা ধারণা সৃষ্টি করতে পারে।





## সুবিধা-সংক্রান্ত অর্থ প্রদান

সুবিধা-সংক্রান্ত অর্থ প্রদান হল সরকারি কর্মকর্তাকে দেওয়া ছোটখাট ঘুষ,যা প্রদানকারী আইনগতভাবে যে সাধারণ বা প্রয়োজনীয় কর্মসম্পাদন পাওয়ার অধিকারী, তা নিশ্চিত বা দ্রুততর করার জন্য প্রদান করা হয়। আমরা এমন কোনো অঞ্চলে যেখানে সুবিধা-সংক্রান্ত অর্থ প্রদান নিষিদ্ধ নয়, সেখানেও এ ধরনের অর্থ প্রদান কঠোরভাবে নিষিদ্ধ করি। আমরা যেখানেই কাজ করি, সেখানেই নৈতিক ব্যবসায়িক আচরণ রক্ষায় নেতৃত্ব প্রদানের প্রতি আমাদের অঙ্গীকারের এটি একটি উদাহরণ।

তবে, আমরা স্বীকার করি যে কর্মরত অবস্থায় কর্মচারীরা এমন চরম পরিস্থিতির মুখোমুখি হতে পারেন, যেখানে এই ধরনের অর্থ প্রদান অস্বীকার করলে তাদের, এজেন্ট বা ব্যবসায়িক অংশীদারদের স্বাস্থ্য, নিরাপত্তা ও সুরক্ষার ঝুঁকি হতে পারে।

এমন পরিস্থিতিতে যখন কোনো সুবিধা প্রদানের অর্থ প্রদান করা হয়, তখন কর্মচারীকে অবশ্যই যে পরিস্থিতিতে এটি প্রদান করা হয়েছে তা রিপোর্ট করতে হবে এবং ফেরত চাওয়ার সময় বই ও হিসাব রেকর্ডে সঠিকভাবে হিসাব রাখতে হবে।

> **অন্যান্যদের সর্বোচ্চ নৈতিকতার সাথে আচরণ করা আমাদের দীর্ঘমেয়াদী কর্মক্ষমতার জন্য মৌলিক।**

## ঝুঁকি ব্যবস্থাপনা

আমরা আমাদের কার্যক্রম, সুনাম বা আইনগত ও নৈতিক মানদণ্ডের সম্মতিতে প্রভাব ফেলতে পারে এমন ঝুঁকিগুলিকে সক্রিয়ভাবে সনাক্তকরণ, মূল্যায়ন এবং পরিচালনা করতে প্রতিশ্রুতিবদ্ধ।

ঝুঁকি ব্যবস্থাপনাকে শক্তিশালী শাসন ও তদারকির মাধ্যমে সমর্থিত করা হয়। একটি নিবেদিত ঝুঁকি কমিটি প্রধান ঝুঁকিগুলি পর্যবেক্ষণ করে, আমাদের নিয়ন্ত্রণগুলি পর্যালোচনা করে এবং গুরুত্বপূর্ণ বিষয়গুলি নির্বাহী কমিটিতে উত্থাপন করে। আমরা নিয়মিতভাবে আমাদের সমস্ত কার্যক্রমে ঝুঁকি মূল্যায়ন করি এবং দৈনন্দিন ব্যবসায়িক পরিকল্পনা ও সিদ্ধান্ত গ্রহণে ঝুঁকি ব্যবস্থাপনাকে একীভূত করি।

## জালিয়াতিরক্ষেত্রেশূন্য সহনশীলতা

ক্যালডেরিসের নির্বাহী কমিটি সততা ও স্বচ্ছতার সংস্কৃতি গড়ে তুলতে, জালিয়াতির ক্ষেত্রে শূন্য সহনশীলতা বজায় রাখতে এবং আমাদের কার্যক্রম জুড়ে জালিয়াতিমূলক কর্মকাণ্ড প্রতিরোধ, সনাক্তকরণ ও মোকাবিলা করার জন্য শক্তিশালী, ঝুঁকি-ভিত্তিক প্রক্রিয়াগুলি বাস্তবায়ন ও বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ। সকল কর্মচারী ও সংশ্লিষ্ট ব্যক্তিদের সর্বদা এই মানদণ্ডগুলি মেনে চলার এবং জালিয়াতি-বিরোধী নীতি অনুসরণ করার প্রত্যাশা করা হয়।



# অনিয়ম প্রতিবেদন

আমাদের অনিয়ম প্রতিবেদন সিস্টেম শক্তিশালী পরিচালনা ব্যবস্থার দ্বারা সমর্থিত, যেখানে আমাদের Ethics & Compliance কমিটি এর বাস্তবায়ন তদারকি করে, তদন্ত পর্যালোচনা করে এবং উদ্বেগগুলি দায়িত্বশীলভাবে অনুসরণ করা হচ্ছে তা নিশ্চিত করে।

**একটি শক্তিশালী ও কার্যকর আচরণবিধি, যা সবার দ্বারা সম্মানিত হয়, তা বজায় রাখতে আমাদের মানদণ্ড রক্ষাকারী কার্যক্রম প্রয়োজন। অনিয়ম বা অসদাচরণের বিষয়ে উদ্বেগ প্রকাশ করতে সাহসের প্রয়োজন হয়।**

এই আচরণবিধির লঙ্ঘন রিপোর্ট করা গ্রুপ এবং এর সকল স্টেকহোল্ডারের স্বার্থ রক্ষার জন্য অপরিহার্য। উত্থাপিত বিষয়গুলি সতর্কতার সঙ্গে তদন্ত ও পরিচালনা করা হবে এবং সংশ্লিষ্ট সকল ব্যক্তির অধিকারের প্রতি সম্মান বজায় রাখা হবে।

## বিধি লঙ্ঘনের রিপোর্টিং

যদি আপনি কোনো তথ্য পান বা অন্য কোনোভাবে বিশ্বাস করেন যে এই কোডের কোনো লঙ্ঘন ঘটছে বা ঘটেছে, তাহলে আপনাকে তা অবিলম্বে আপনার ম্যানেজার বা যথাযথভাবে মানবসম্পদ, আইন, টেকসইতা বা অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও নিরীক্ষা বিভাগের কোনো প্রতিনিধির কাছে রিপোর্ট করতে হবে। যদি আপনি এই আচরণবিধির আওতাভুক্ত কোনো পরিস্থিতি কীভাবে মোকাবেলা করবেন তা নিয়ে অনিশ্চিত হন, তাহলে আপনি তাদের কাছ থেকে পরামর্শও নিতে পারেন।

যে কেউ সদিচ্ছায় (good faith) কোনো সন্দেহভাজন লঙ্ঘন রিপোর্ট করলে তার বিরুদ্ধে কোনো প্রতিশোধ বা শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে না, এমনকি তদন্তে পরে যদি কোনো লঙ্ঘন প্রমাণিত না-ও হয়।

যদি সদিচ্ছায় করা রিপোর্টের পরও সন্তোষজনক সমাধান না পাওয়া যায়, তাহলে বিষয়টি অন্য কোনো ব্যক্তির কাছে, এমনকি আরও উচ্চ পর্যায়ের কর্মকর্তার কাছেও উত্থাপন করা উচিত।

সন্দেহভাজন লঙ্ঘন রিপোর্ট করার জন্য আমাদের অনিয়ম প্রতিবেদন হটলাইন, Speak Up!-এর মাধ্যমেও যোগাযোগ করা যেতে পারে। এটি নৈতিকভাবে অনুচিত, বেআইনি বা ক্ষতিকর আচরণ সম্পর্কে উদ্বেগ জানানোর জন্য একটি নিরাপদ, সুরক্ষিত এবং গোপনীয় মাধ্যম, যা ২৪ ঘণ্টা, সপ্তাহের ৭ দিন বিভিন্ন ভাষায় উপলব্ধ।

গোপনীয়ভাবে এবং পরিচয় প্রকাশ না করেও উদ্বেগ জানানো ক্যালডেরিস গ্রুপের সকল অংশীজনের—কর্মী, শিক্ষানবিশ, অস্থায়ী কর্মী, সেবা প্রদানকারী, সরবরাহকারী, গ্রাহক ইত্যাদি—একটি অধিকার।হকারী, গ্রাহক ইত্যাদি) অধিকার।

উত্থাপিত প্রতিটি বিষয় সংশ্লিষ্ট সকল ব্যক্তির অধিকারকে সম্মান করে যত্নসহকারে তদন্ত ও সমাধান করা হবে।

## অনুচিত আচরণের তদন্ত এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ

এই আচরণবিধির বৈধ লঙ্ঘনগুলো রিপোর্ট হলে, সেগুলোর কারণ নির্ণয় এবং উপযুক্ত প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণের জন্য ক্যালডেরিস কর্তৃক তদন্ত করা হবে।

ন্যায্য তদন্তের পর, যার মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তিকে শোনা হওয়ার সুযোগও থাকবে, যদি কোনো লঙ্ঘন প্রমাণিত হয়, তাহলে স্থানীয় আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হতে পারে, যার মধ্যে চাকরি অবসানও অন্তর্ভুক্ত থাকতে পারে। এ ধরনের লঙ্ঘনের ক্ষেত্রে যে কোনো তহবিল বা সম্পদের পূর্ণ পুনরুদ্ধার করা হবে এবং প্রয়োজন অনুযায়ী গ্রুপ অতিরিক্ত আইনি ব্যবস্থা, এমনকি ফৌজদারি মামলা পর্যন্ত করতে পারে, যা আইন অনুযায়ী প্রযোজ্য।

**আমাদের প্রতিদিনের আচরণই ব্যক্তি ও গ্রুপ হিসেবে আমাদের নৈতিক নীতির বাস্তব প্রমাণ।**




**কর্মী ও বহিরাগতরা গোপনীয়ভাবে “Speak Up!”-এ যোগাযোগ করতে পারেন: speakup-calderys.ethicspoint.com অথবা ক্যালডেরিসের ইন্ট্রানেট ও ওয়েবসাইটে উপলব্ধ টোল-ফ্রি নম্বরে কল করে।**




# আচরণবিধির প্রয়োগ ও পর্যবেক্ষণ

**এই আচরণবিধি রক্ষা করা সকল কর্মী, ব্যবস্থাপক এবং ব্যবসায়িক অংশীদারদের একটি যৌথ দায়িত্ব।**

এর কার্যকর প্রয়োগ নিশ্চিত করতে, ক্যালডেরিস একটি সুসংগঠিত কমপ্লায়েন্স কাঠামো বজায় রাখে, যার মধ্যে নিয়মিত প্রশিক্ষণ, পর্যবেক্ষণ কার্যক্রম এবং অভ্যন্তরীণ নিরীক্ষা অন্তর্ভুক্ত রয়েছে।

সমস্ত নতুন কর্মী যোগদানের সময় বাধ্যতামূলক অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করে, এবং প্রতি তিন বছর অন্তর সকল সংশ্লিষ্ট ব্যবহারকারী পুনরায় প্রশিক্ষণ গ্রহণ করে, যাতে নৈতিক নীতিমালা ও দায়িত্ব সম্পর্কে তাদের বোঝাপড়া আরও শক্তিশালী হয়।

প্রয়োজনীয় ক্ষেত্রে সরবরাহকারী এবং পরিষেবা প্রদানকারীদেরও এই আচরণবিধিতে স্বাক্ষর করতে হয়, যা এর মানদণ্ডের প্রতি তাদের প্রতিশ্রুতি নিশ্চিত করে।

এই আচরণবিধি অনুসরণ করা গ্রুপ হিসেবে আমাদের সততা রক্ষার জন্য অপরিহার্য। এটি লঙ্ঘিত হলে সংশোধনমূলক ব্যবস্থা নেওয়া হতে পারে, যার মধ্যে চাকরি অবসান অথবা গুরুতর ক্ষেত্রে সরবরাহকারী বা গ্রাহকের সঙ্গে ব্যবসায়িক সম্পর্ক স্থগিত বা বন্ধ করাও অন্তর্ভুক্ত থাকতে পারে।

এই আচরণবিধি একটি জীবন্ত ডকুমেন্ট, যা নিয়মিত পর্যালোচনা ও হালনাগাদ করা হয় যাতে এটি প্রাসঙ্গিক ও ব্যবহারিক নির্দেশনা প্রদান অব্যাহত রাখতে পারে। সবাইকে উৎসাহিত করা হয় যে তারা কোনো উদ্বেগ বা সন্দেহভাজন লঙ্ঘন “Speak Up!” মাধ্যমে জানাবে।

**“এই নীতিমালার প্রতি সম্মিলিতভাবে প্রতিশ্রুতিবদ্ধ হয়ে, আমরা সবার জন্য একটি নিরাপদ, সম্মানজনক এবং নৈতিকভাবে দায়িত্বশীল পরিবেশ নিশ্চিত করতে সহায়তা করি।”**

© 2026 ক্যালডেরিস। ছবি তুলেছেন: Olivier Lattuga-Duyck, Côme Bardon, Elliott Cramer, Johan Howler। কভার ছবি AI-জেনারেটেড।
এপ্রিল ২০২৬। সর্বস্বত্ব সংরক্ষিত। অন্যথায় উল্লেখ না থাকলে, এই আচরণবিধির সমস্ত বিষয়বস্তু ক্যালডেরিসের সম্পত্তি।
**এই নথিটি একটি অনুবাদ। কোনো অমিল দেখা দিলে ইংরেজি সংস্করণই প্রাধান্য পাবে।**